

রোহিঙ্গাদের মানবিক বিপর্যয় এবং তাদেরকে সহায়তার সমন্বয় বিষয়ে কক্সবাজার জেলায় কর্মরত

এনজিওদের মতবিনিময় সভার প্রতিবেদন

স্থান: কোস্ট, কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০১৭ খ্রি.

সময়: সকাল ১০.০০ টা

২০সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ মঙ্গলবার সকাল ১০.০০ টায় কক্সবাজার শহরের কলাতলীস্থ কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে রোহিঙ্গাদের মানবিক বিপর্যয় ও তাদেরকে সহায়তার সমন্বয় বিষয়ে কক্সবাজার জেলায় কর্মরত এনজিওদের ২য় সভা অনুষ্ঠিত হয়। কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরীর সভাপতিত্বে এই সভাটি পরিচালিত হয়। সভায় কক্সবাজার জেলায় কর্মরত এনজিও অফিসের প্রতিনিধি ও তাদের কেন্দ্রীয় অফিসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় যারা উপস্থিত ছিলেন

ক্রমিক নং	নাম ও পদবী	ক্রমিক নং	নাম ও পদবী
০১	রেজাউল করিম চৌধুরী, নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট	১০	আবদুর রাজ্জাক, ডেপুটি বাইরেস্ট্রর, এসএসএস
০২	আবু মোরশেদ চৌধুরী নির্বাহী পরিচালক-পালস কক্সবাজার	১১	শওকত আলী টুটুল, সহকারী পরিচালক, কোস্ট ট্রাস্ট
০৩	ফজলুল কাদের চৌধুরী-নির্বাহী পরিচালক, গ্রীন কক্সবাজার	১২	মো: জাবেদ আলী, জিএম-এসএসএস
০৪	মো: সাইদুর রহমান রিপন, ডিভিশনাল ম্যানেজার-	১৩	মোরশেদ উল্লাহ চৌধুরী, সহকারী প্রোগ্রাম ম্যানেজার, পিপি
০৫	সমর আলী ফকির, জোনাল ম্যানেজার, বুরো বাংলাদেশ	১৪	মো: জাহাঙ্গীর আলম, টিম লিডার, আর আর
০৬	শিপ্লব চাকমা, রিজিওনাল ম্যানেজার, ঢাকা আহসানিয়া মিশন।	১৫	ডাইরেস্ট্রর, কোডেক
০৭	মো: রফিকুল ইসলাম, এসএসএস	১৬	দিদারুল আলম রাশেদ -ইডি, নোঙ্গর
০৮	মোহাম্মদ হাসান চৌধুরী, আরএম-আনন্দ	১৭	মো: ওসমান গনি- এ ডি-টিএমএসএস
০৯	মকবুল আহমেদ-সহকারী পরিচালক-সিএফটিএম, কোস্ট ট্রাস্ট	১৮	মো: রেজাউল করিম-ডাইরেস্ট্রর, টিএমএসএস

সভার শুরুতে সভায় উপস্থিত অংশগ্রহণকারীগণ নিজ নিজ পরিচয় দেন। বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীদের আগমনে জরুরি ত্রাণ সহায়তা বিতরণ করতে গিয়ে কক্সবাজার জেলায় কর্মরত এনজিওদের কাজের সমন্বয় এবং একত্রে বসে মতবিনিময় করার বিষয়ে গুরুত্ব আরোপ করে সভার উদ্দেশ্য ব্যাখ্যা করেন কোস্ট ট্রাস্ট-এর নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী ও পালস কক্সবাজার-এর নির্বাহী প্রধান আবু মোর্শেদ চৌধুরী।

কক্সবাজার জেলায় কর্মরত এনজিওদের কার্যক্রম পরস্পরের কাছে সহজে জ্ঞাত করার জন্য এ ধরনের সমন্বয় সভায় গুরুত্ব রয়েছে বলে সভায় সকলে মত প্রকাশ করেন।

সভায় সকলের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত প্রস্তাবাবলি গ্রহণ করা হয়।

- সকলের কার্যক্রম তথ্য সহজে সকলের কাছে পৌঁছানোর জন্য একটি ওয়েবসাইট চালু করার বিষয় সভায় প্রস্তাব করা হয়।
- ওয়েবসাইটে দেওয়ার জন্য কোন্ সংগঠন কোন্ উপজেলায় কি কার্যক্রম পরিচালনা করে তার বিবরণ প্রদান করার জন্য এবং শরণার্থীদের সহায়তা কার্যক্রমের পরিকল্পনা দেওয়ার জন্য মোট দুটি ফরমেট সভায় উপস্থিত সকলের নিকট সরবরাহ করা হয়।
- এনজিও সমন্বয় কার্যক্রম পরিচালনার জন্য একটি গাইড লাইন তৈরি করার প্রস্তাব করা হয়। উক্ত গাইড লাইন পরবর্তী আগামী ৪ অক্টোবর ২০১৭ তারিখের সভায় চূড়ান্ত করা হবে বলে সভায় মত প্রকাশ করা হয়।

প্রতিবেদন প্রস্তুতকারী

মকবুল আহমেদ
সহকারী পরিচালক-সিএফটিএম,
কোস্ট ট্রাস্ট

সভাপতি

রেজাউল করিম চৌধুরী
নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট